গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

নং-৪২.০০.০০০০.০৩২.১১.০৩২.২১-৩৪

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ / ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পানি সম্পদ মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নোক্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) ১১,০০০/- ২৬,৫৯০/- | অনূর্ধ্ব ৩০ বছর। | ০২ (দুই)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, রাজবাড়ী, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) ১১,০০০/- ২৬,৫৯০/- | অনূর্ধ্ব ৩০ বছর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৩. | অফিস সহায়ক (২০ তম গ্রেড) ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩০ বছর | ০৫ (পাঁচ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, সিলেট ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-

| | |
|---|---|
| ০১. | আবেদনকারীর বয়স ২৯ মার্চ ২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে |

| | |
|---|---|
| | বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। |
| ০২. | এই নিয়োগ বিজ্ঞপ্তির বর্ণিত ছকের ক্রমিক-১ এর শূন্য পদ পূরণে 'সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' ক্রমিক-২ ও ৩ এর শূন্য পদ পূরণে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' (সংশোধিত) অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। |
| ০৩. | সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। |
| ০৪. | প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে কোটা সনদপত্র দাখিল করতে হবে। |
| ০৫. | লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। |
| ০৬. | কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। |
| ০৭. | এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowr.gov.bd) প্রকাশ করা হবে। |
| ০৮. | জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে। |
| ০৯. | যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। |
| ১০. | নিয়োগ বিধিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। |
| ১১. | লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় অনলাইনে আবেদনকৃত ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্রাদির ০১(এক) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। |
| ১২. | অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী ও শর্তাবলি:-<br>ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://mowr.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:<br>i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮/০২ /২০২২ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।<br>ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৯/০৩/২০২২ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।<br>উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।<br>খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel)ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।<br>গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন**।<br>ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।<br>ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-২ নং পদের জন্য ১১২/- (একশত বার) টাকা এবং ৩ নং পদের জন্য ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**<br>প্রথম SMS: MOWR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। |

***Example:MOWR ABCDEF***

*Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOWR<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: MOWR<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:MOWR YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOWR Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mowr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর **প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক** সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOWR<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: MOWR Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: MOWR<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: MOWR Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিবিধ:

i. পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;

ii. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য mowr.teletalk.com.bd হতে পাওয়া যাবে;

iii. Online এ আবেদন দাখিলের বিষয়ে কোন তথ্যের জন্য admin2@mowr.gov.bd এবং vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা টেলিটক নম্বর হতে 121 এ কল করে জানা যেতে পারে।

১৩। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

28/02/22

( খান মো: হাসানুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি
পানি সম্পদ মন্ত্রণালয়
ফোন: ৯৫৪০৭০১
ই-মেইল: admin2@mowr.gov.bd
mowradm2@gmail.com

সদয় কার্যার্থে:

১। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন/The Daily Sun (পত্রিকার ভেতরের পাতায় সিংগেল স্পেসে স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে প্রকাশের অনুরোধ করা হলো।

২। General Manager, Marketing & VAS, Teletalk Bangladesh Limited,

সদয় জ্ঞাতার্থে:

১। বিভাগীয় কমিশনার (সকল) ------------------------------ বিভাগ (তাঁর অধীনস্থ সকল জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

২। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি টাওয়ার, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: ন্যাশনাল কনসালট্যান্ট, এটুআই, জাতীয় তথ্য বাতায়নে নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।

৩। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা (সংশ্লিষ্ট জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৪। মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (প্রতিবন্ধীদের বিষয়ে সমগ্র দেশে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৫। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা পরিদপ্তর, খিলগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। চেয়ারম্যান, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ইস্কাটন, মগবাজার, ঢাকা (সংশ্লিষ্ট জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

১৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস), বিপিকেএস কমপ্লেক্স, দক্ষিণখান, উত্তরা, ঢাকা-১২৩০, জিপিও বক্স নম্বর ৩০৮২, ঢাকা-১০০০ (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।

১৪। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।

২৮/০২/২২

( খান মো: হাসানুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি
পানি সম্পদ মন্ত্রণালয়।